




২০১৮



জি.ই.পি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং: ০৮.০১.০০০০.৫৩.০১.০০১.১৭/২৯৩(৭২)

তারিখ: ১১/০৬/২০১৭ খ্রিঃ।

বিষয়: এস.আর.ও. নং-১৩৫-আইন/২০১৭/২১/কাস্টমস, তারিখ-০১/০৬/২০১৭ খ্রিঃ এর TABLE-4 এবং TABLE-5 এ H.S. Code 8529.90.41 এর অন্তর্ভুক্ত বিষয়ক সংশোধনী।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৩.০১.০০১.১৭/-২৯২, তারিখ-১১/০৬/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট পর্যালোচনায় দেখা যায় যে, H.S. Code 8529.90.41 (Imported by VAT registered TV manufacturing industries) পণ্যটি ভ্যাট রেজিস্টার্ড ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রি সংক্রান্ত এস.আর.ও. নং-১৩৫-আইন/২০১৭/২১/কাস্টমস, তারিখ-০১/০৬/২০১৭ (এস.আর.ও. নং-১৪৮/২০১৬ এর অধিকতর সংশোধনী) এ ভুলক্রমে টেবিল-৪ ও টেবিল-৫ উভয় টেবিলে অন্তর্ভুক্ত করা হয়েছে। যে কারণে একই পণ্যের উপর ১৫% ও ২৫% হারে আমদানি শুল্ক আরোপিত হচ্ছে।

২। H.S. Code 8529.90.41 কে অনুমোদিত সার-সংক্ষেপের আলোকে TABLE-5 হতে বিলুপ্তকরণের জন্য ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে সমন্বয়পূর্বক এস.আর.ও. সংশোধনীর জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। উক্ত সংশোধনীর পূর্বে মাননীয় অর্থমন্ত্রীর ইতোপূর্বে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে H.S. Code 8529.90.41 কে এস.আর.ও. নং-১৩৫-আইন/২০১৭/২১/কাস্টমস, তারিখ-০১/০৬/২০১৭ (এস.আর.ও. নং-১৪৮/২০১৬ এর অধিকতর সংশোধনী) এর শুধুমাত্র TABLE-4 বিবেচনায় অপারেটিভ ট্যারিফ সিডিউলে প্রয়োজনীয় সংশোধনের জন্য এ্যাসাইকুডা ওয়ার্ল্ড টিমকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, H.S. Code 8529.90.41 (LED/LED panel of heading 85.28 without PCB imported by VAT registered TV manufacturing industries) কে এস.আর.ও. নং-১৩৫-আইন/২০১৭/২১/কাস্টমস, তারিখ-০১/০৬/২০১৭ (এস.আর.ও. নং-১৪৮/২০১৬ এর অধিকতর সংশোধনী) এর শুধুমাত্র TABLE-4 বিবেচনায় নিয়ে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রদর্শিত শুল্ক-কর হার বিবেচনায় উপর্যুক্ত পণ্যটির শুদ্ধায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০.০৬.১৭

মোঃ জিয়াউর রহমান খান

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

ফোন: ৯৩৫৭৭০১।

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানর্গাও।
- ৭-১৭। কমিশনার কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/ঢাকা (পশ্চিম)/ঢাকা (পূর্ব)/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রংপুর/রাজশাহী/যশোর/খুলনা।

অনুলিপি (সদয় অবগতির জন্য, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
- ২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা।
- ৩-৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট-১, ঢাকা/(আপীল) কমিশনারেট-২, ঢাকা/চট্টগ্রাম।
- ৬-৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ৮। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৯-১৩। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রতারণা পরিদপ্তর, ঢাকা (ডেডো)/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।